

প্রেস বিজ্ঞপ্তি

ইন্টারনেটের দামের ক্ষেত্রে জাতিসংঘ নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করেছে বাংলাদেশ

ঢাকা, ২৮ মার্চ, ২০২২।

ইন্টারনেটের দামের ক্ষেত্রে বাংলাদেশের জাতিসংঘ নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ একটি ঐতিহাসিক ঘটনা এবং জাতি হিসেবে এটি গর্ব করার মত বলে মন্তব্য করেছেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার। সোমবার বিকালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর প্রধান সম্মেলন কক্ষে টেলিকম খাত সংশ্লিষ্ট গণমাধ্যম কর্মীদের সাথে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, ২০২৫ সালের মধ্যে বাংলাদেশে যে ব্যান্ডউইথের চাহিদা হবে তা সিমেই-৪ (SEA-ME-WE-4), ও সিমেই-৫ (SEA-ME-WE-5), ও আইটিসি এর মাধ্যমে যোগান দেয়া সম্ভব হবে। এরপর সময়ের পরিপ্রেক্ষিতে ব্যান্ডউইথের যে চাহিদা বাড়বে তা সিমেই-৬ (SEA-ME-WE-6) এর মাধ্যমে পূরণ করা যাবে। বাংলাদেশে ব্যান্ডউইথের সমস্যা এখনো নেই এবং ভবিষ্যতেও হবে না উল্লেখ করে ইন্টারনেটের দাম অধিক সুলভে দেয়ার লক্ষ্যে কাজ চলছে বলে জানান তিনি।

পরবর্তীতে কমিশনের মহাপরিচালক (সিস্টেমস এন্ড সার্ভিসেস) ব্রিগে: জেনা: মোঃ নাসিম পারভেজ ব্রডব্যান্ড ইন্টারনেটের লক্ষ্যমাত্রা অর্জনের বিশদ তথ্য উপস্থাপনা করেন। তিনি বলেন, মোবাইল ইন্টারনেটের দামের ক্ষেত্রে গত বছর জাতিসংঘের ব্রডব্যান্ড কমিশনের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পেরেছে বিশ্বের ৯৬টি দেশ এবং ব্রডব্যান্ড ইন্টারনেটের দামের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন করতে পেরেছে ৬৪টি দেশ। তিনি আরো জানান, জাতিসংঘের প্রতিবেদন প্রতিবেদন অনুযায়ী, ২০২১ সালে বিশ্বের বেশির ভাগ স্বল্পোন্নত দেশে ইন্টারনেটের দাম জাতিসংঘ নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি ছিল। তবে স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে বাংলাদেশ, ভুটান, মিয়ানমার ও নেপাল জাতিসংঘ নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করেছে।

উল্লেখ্য, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে জাতিসংঘের ব্রডব্যান্ড কমিশন ইন্টারনেটের দামের একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়। লক্ষ্য অনুযায়ী, একটি দেশের জাতীয় মাথাপিছু আয় যা হবে, তার ২ শতাংশের কম খরচ হবে ইন্টারনেট বাবদ। প্রতিবেদন অনুযায়ী ২০২১ সালে বাংলাদেশে ইন্টারনেটের দাম জাতিসংঘের বেঁধে দেওয়া সীমার মধ্যেই ছিল। ইন্টারনেটের দাম পর্যালোচনাকারী ব্রিটিশ প্রতিষ্ঠান কেবল ডটকো ডটইউকের ২০২১ সালের তথ্য অনুযায়ী, বিশ্বের ২৩০টি দেশের মধ্যে মোবাইল ইন্টারনেটের কম দামের দিক দিয়ে বাংলাদেশের অবস্থান ৮ নম্বরে।

অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ খলিলুর রহমান বলেন, দেশে ইন্টারনেটের চাহিদা বৃদ্ধির সাথে সাথে ব্যান্ডউইথ ক্যাপাসিটি বাড়ানোর প্রক্রিয়া ও চলমান থাকবে এবং ভবিষ্যতে জনগণ আরো সুলভে ইন্টারনেট সেবা পাবে।

সভাপতির বক্তব্যে বিটিআরসি'র মাননীয় চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মূল ভিত্তি হলো সুলভ মূল্যে ইন্টারনেট সেবা প্রদান। এ লক্ষ্যে বিটিআরসি ইতোমধ্যে সারাদেশে এক দেশ এক রেট সেবা চালু করেছে এবং তা জেলা ও পুলিশ প্রশাসনের মাধ্যমে বাস্তবায়ন করা করা হচ্ছে। এতে আগের চেয়ে গুণগত মানে ইতিবাচক ফলাফল এসেছে এবং গুণগত মান নিশ্চিত বিটিআরসি ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখবে বলে জানান তিনি।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কমিশনার (ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস) প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, কমিশনার (লীগ্যাল এন্ড লাইসেন্সিং) আবু সৈয়দ দিলজার হোসেন, মহাপরিচালক (প্রশাসন) মো: দেলোয়ার হোসাইন, মহাপরিচালক (স্পেকট্রাম) ব্রিগে: জেনা: মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, মহাপরিচালক (ইএন্ডও) ব্রিগে: জেনা: মো: এহসানুল কবীর, মহাপরিচালক (লীগ্যাল এন্ড লাইসেন্সিং) আশীষ কুমার কুন্ডু, মহাপরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) প্রকৌশলী মোঃ মেসবাহুজ্জামানসহ বিটিআরসি উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এছাড়াও টেলিযোগাযোগ ও টেকনোলজি রিপোর্টার্স নেটওয়ার্ক, বাংলাদেশ-টিআরএনবির সভাপতি রাশেদ মেহেদী, সাধারণ সম্পাদক মাসুদুজ্জামান রবিন এবং ইন্টারনেট সেবাদাতাদের সংগঠন আইএসপিএবির সভাপতি ইমদাদুল হকসহ টিআরএনবি এর নবগঠিত কমিটির সকল সদস্যগণ ও বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।
- ৩। সচিব, বিটিআরসি।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৫। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য),
বিটিআরসি।
- ৬। অফিস কপি।

অনুরোধক্রমে

[স্বাক্ষরিত]
মো: জাকির হোসেন খাঁন
উপ-পরিচালক
(মিডিয়া কমিউ: এন্ড পাব: উই)
বিটিআরসি
যোগাযোগ: ০১৫৫২২০২৮৪০
Email: zakirkhan@btrc.gov.bd